

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
 আইন ও বিচার বিভাগ  
 সলিসিটর অনুবিভাগ(জিপি-পিপি শাখা)  
 বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাপ্তি, ঢাকা  
[solicitor.lawjusticediv.gov.bd](mailto:solicitor.lawjusticediv.gov.bd)

স্মারক নম্বর : সলিসিটর/জিপি-পিপি/রাজ:মা:তালি: /২০২৪-২১৫

তারিখ : ১৭ অক্টোবর ১৪৩১  
০২ ডিসেম্বর ২০২৪বিষয় : রাজনৈতিক হয়রানিমূলক মামলার তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ০৬ জানুয়ারি ২০০৯ তারিখ থেকে ০৫ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত সময়ে বিশেষত: ২০১৪, ২০১৮ এবং ২০২৪ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনের অব্যবহিত পূর্বে এবং তৎপরবর্তীতে রাজনৈতিক নেতা-কর্মী ও অন্যান্যদের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা (যা অনেক ক্ষেত্রে গায়েবি মামলা নামে পরিচিত) দায়ের করা হয়। এসব মামলা সংক্রান্তে সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য না থাকায় আইনানুগভাবে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না বিধায় নিম্নবর্ণিত ছকে উক্ত মামলাসমূহের তথ্যাদি জরুরি ভিত্তিতে পাওয়া একান্ত আবশ্যক:

**‘ছক’**

ক্রম	জেলার নামসহ আদালতের নাম	মামলার নম্বর	এজাহারকারী/ নালিশকারীর নাম ও পরিচয়	মোট আসামির সংখ্যা এবং এর মধ্যে অজ্ঞাতনামা আসামির সংখ্যা (যদি থাকে)	এজাহার/নালিশে উল্লিখিত ঘটনার তারিখ	মামলাটি কোন আইনের কোন ধারায় দায়েরকৃত	মামলাটি কোন পর্যায়ে (তদন্তধীন, নাকি বিচারাধীন) আছে

০২। মামলার তালিকা প্রণয়নে বিশেষভাবে যত্নবান ও দায়িত্বশীল হওয়াসহ সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করতে হবে। উল্লেখ্য, প্রাণ্ত মামলার তালিকা মন্ত্রণালয় কর্তৃক পুর্খানুপুর্খভাবে যাচাই বাছাই করা হবে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত ছক অনুসারে বর্ণিত সময়ে আপনার জেলায়/মহানগরে দায়েরকৃত রাজনৈতিক হয়রানিমূলক মামলার তালিকা আগামী ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাপ্তি, ঢাকা বরাবর (ই-মেইল: [solicitor@lawjusticediv.gov.bd](mailto:solicitor@lawjusticediv.gov.bd)) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বাক্ষর**

(সানা মোঃ মাহবুফ হোসাইন)  
 উপ সলিসিটর (জিপি-পিপি)  
 ফোন: ০২-৫৫১০৩০৮৯  
 মোবাইল: ০১৭১৫-৮১৩২২২

**পাবলিক প্রসিকিউটর/মহানগর পাবলিক প্রসিকিউটর (সকল)****সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কর্পি।

  
 (সানা মোঃ মাহবুফ হোসাইন)  
 উপ সলিসিটর (জিপি-পিপি)